

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬২৩(আগরতলা, ১০।০।১)
উদয়পুর, ১০ জানুয়ারি, ২০১৯

১৪ জানুয়ারি তীর্থমুখে পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন

আগামী ১৪ ও ১৫ জানুয়ারি রাজ্যের ঐতিহ্যবাহী পৌষ সংক্রান্তি মেলা তীর্থমুখে অনুষ্ঠিত হবে। মেলার উদ্বোধন হবে ১৪ জানুয়ারি বিকাল ৪টায়। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন উপজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন কৃষি, পর্যটন, পরিবহণ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিধায়ক সিন্ধু চন্দ্র জমাতিয়া, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক বুৰ্বামোহন ত্রিপুরা, বিধায়ক শংকর রায়, হৃদাঅক্রা পদ্মলীলা জমাতিয়া, গোমতী জেলার জেলাশাসক টি কে দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন করবুক বি এ সি'র চেয়ারম্যান অসীম কুমার ত্রিপুরা।
